

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৩২৯

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২৪. মুকীম অবস্থায় তায়াম্মুম করা

باب التَّيَمُّمِ فِي الْحَضَرِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ شُعَيْبٍ بْنُ اللَّيْثِ، أَخْبَرَنَا أَبِي، عَنْ جَدِّي، عَنْ جَعْفَرِ بْنِ رَبِيعَةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ هُرْمَزٍ، عَنْ عُمَيْرٍ، مَوْلَى ابْنِ عَبَّاسٍ أَنَّهُ سَمِعَهُ يَقُولُ أَقْبَلْتُ أَنَا وَعَبْدُ اللَّهِ بْنُ يَسَارٍ، مَوْلَى مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى دَخَلْنَا عَلَى أَبِي الْجُهَيْمِ بْنِ الْحَارِثِ بْنِ الصِّمَّةِ الْأَنْصَارِيِّ فَقَالَ أَبُو الْجُهَيْمِ : أَقْبَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ نَحْوِ بئرِ جَمَلٍ فَلَقِيَهُ رَجُلٌ فَسَلَّمَ عَلَيْهِ فَلَمْ يَرُدَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَيْهِ السَّلَامَ حَتَّى أَتَى عَلَى جِدَارٍ فَمَسَحَ بِوَجْهِهِ وَيَدَيْهِ ثُمَّ رَدَّ عَلَيْهِ السَّلَامَ .

– صحيح : ق ، إلا أن مسلماً علقه

বাংলা

৩২৯। ইবনু 'আব্বাস রাযিয়াল্লাহু 'আনহুমা-এর আযাদকৃত গোলাম 'উমাইর (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমি এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী মায়মূনাহ (রাঃ)-এর আযাদকৃত গোলাম 'আব্দুল্লাহ ইবনু ইয়াসার আবুল জুহায়িম ইবনুল হারিস ইবনুল সিম্মাহ আল-আনসারী (রাঃ)-এর নিকট গিয়ে পৌঁছলাম। আবুল জুহায়িম বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (মদীনার নিকটবর্তী) জামাল নামক একটি কূপের দিক থেকে আসছিলেন। পথে তাঁর সাথে এক ব্যক্তির সাক্ষাৎ হলে লোকটি তাঁকে সালাম দিল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সালামের জবাব না দিয়ে একটি দেয়ালের নিকট গেলেন এবং তাঁর মুখমণ্ডল ও উভয় হাত মাসাহ করলেন। অতঃপর তার সালামের জবাব দিলেন।[1]

সহীহ : বুখারী ও মুসলিম। অবশ্য মুসলিম এটি তা'লীকভাবে বর্ণনা করেছেন।

English

'Umair, the freed slave of Ibn 'Abbas, said that he heard him say: I and 'Abd Allah b. Yasar, the freed slave of Maimunah, wife of the Prophet (ﷺ), came and entered upon Abu al-Juhaim b. al-Harith b. al-Simmat al-Ansari. Abu al-Juhaim said: The Messenger of Allah (ﷺ) came from Bir Jamal (a place near Medina) and a man met him and saluted him. The Messenger of Allah (ﷺ) did not return the salutation until he came to a wall and wiped his face and hands and then returned the salutation (i.e. after performing tayammum).

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ তায়াম্মুম, অনুঃ মুক্কীম অবস্থায় পানি না পেলে তায়াম্মুম করা, হাঃ ৩৩৭), মুসলিম (অধ্যায়ঃ হাযিয, অনুঃ তায়াম্মুম)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57647>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন